মেহেরপুরে আত্মহনন প্রচেষ্টাকারীর ও প্ররোচনাকারীর কারাদণ্ড

মেহেরপুরে বিষপানে আত্মহত্যার প্রচেষ্টা করায় রেক্সোনা নামের এক নারীকে ১ বছরের কারাদণ্ড এবং আত্মহত্যার প্ররোচনা দেওয়াতে লালমনি খাতুন নামের অপর নারীকে ছয় মাসের কারাদণ্ড দিয়েছেন আদালত।

গতকাল সোমবার (২৮ আগষ্ট) জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আমলী আদালত-২ গাংনী, মেহেরপুরের বিচারক তরিকুল ইসলাম এই রায় দেন। আদালত রায়ে আত্মহত্যার প্রচেষ্টাকারীকে ১ বছরের কারাদণ্ড ও ১০ হাজার টাকা জরিমানা অনাদায়ে এক মাসের বিনাশ্রম কারাদণ্ড এবং প্ররোচনাকারী হিসাবে তার মা লালমনি খাতুনকে ছয় মাসের সশ্রম কারাদণ্ড ও পাঁচ হাজার টাকা জরিমান, অনাদায়ে এক মাসের বিনাশ্রম কারাদন্ডের আদেশ প্রদান করেন।

বাংলাদেশের দন্ডবিধিতে আত্মহত্যার চেষ্টাকারীর শাস্তি দণ্ডবিধির ৩০৯ ধারায় এক বছর কারাদণ্ড এবং আত্মহত্যায় সহায়তা বা প্ররোচনাকারীকে দণ্ডবিধির ৩০৬ ধারা অনুযায়ী ১০ বছরের কারাদণ্ডের বিধান রয়েছে।

মেহেরপুরের গাংনী উপজেলার হাড়াভাঙ্গা গ্রামের মোঃ মতিউর রহমানের ছেলে মোঃ মিজানুর রহমান একই গ্রামের প্রবাসী জিয়ারুল ইসলামের স্ত্রী মোছাঃ রেক্সোনা খাতুন এবং রেক্সোনার মা আরজ আলীর স্ত্রী মোছাঃ লালমনি খাতুন এর বিরুদ্ধে বাংলাদেশ দন্ডবিধি ১৯৩/৩০৯/৫০৬ (II) ১০৯ ধারায় ২০২২ সালের ২৮ এপ্রিল একটি মামলা দায়ের করে। মামলা তদন্তকারী কর্মকর্তার প্রতিবেদন ও তিনজন সাক্ষীর স্বাক্ষর প্রমাণ শেষে অপরাধ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় আদালত এই রায় দেন।

মামলার বিবরণে জানা যায়, মামলার বাদী ও আসামিগণের বাড়ি একই গ্রামে। মামলার বাদী মোঃ মিজানুর রহমান মেসার্স মিজান গার্মেন্টস এন্ড হার্ডওয়ারের স্বত্বাধিকারী। মামলার এক নম্বর আসামি মোছাঃ রেকসানা খাতুন প্রবাসী জিয়ারুল ইসলামের স্ত্রী। প্রবাস থেকে জিয়ারুলের পাঠানো টাকা বিভিন্ন ভাবে অপব্যায় করে রেক্সোনা খাতুন। পরবর্তীতে রেক্সোনার স্বামী তার পাঠানো টাকার

হিসাব চাইলে, মেসার্স মিজান গার্মেন্টস এন্ড হার্ডওয়ারের স্বত্বাধিকারী মিজানের কাছে টাকা জমা রাখার মিথ্যা গল্প সাজিয়ে ফাঁসানোর জন্য রেক্সোনা তার ফেসবুক আইডি থেকে টাকা পাবে বলে মিথ্যা প্রচারণা চালায়।২০২২ সালের ২০ এপ্রিল রেক্সোনা মামলার বাদী মিজানুর রহমানের কাছে ২ লক্ষ টাকা পাবে দাবী করে তার মা লালমনি খাতুনের ইন্ধনে মিজানুর রহমানের দোকানে এসে বিষপান করে আত্মহত্যার চেষ্টা করলে স্থানীয় লোকজন রেক্সোনা খাতুন কে দ্রুত গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করে। এসময় রেক্সোনা সংবাদ সম্মেলনের মাধ্যমে বিভিন্ন মিথ্যা তথ্য প্রকাশ করে।

মিজানুর রহমান উক্ত সংবাদ প্রকাশের বিরুদ্ধে ২০২২ সালের ২৩ এপ্রিল সংবাদ সম্মেলন করে এবং বিভিন্ন পত্রিকায় প্রতিবাদ দেওয়া সহ আদালতে মামলাটি দায়ের করে।

ঝিনাইদহে ফেন্সিডিলসহ এক মাদক কারবারি আটক

ঝিনাইদহে যাত্রীবাহী বাসে তল্লাশি চালিয়ে ৭০ বোতল ফেন্সিডিলসহ এক মাদককারবারিকে আটক করেছে সদর থানা পুলিশ।

মঙ্গলবার (২৯ আগস্ট) সকালে ঝিনাইদহ-ঢাকা মহাসড়কের পলিটেকনিক ইনস্টিটিউট এলাকায় একটি বাস থেকে তাকে আটক করা হয়।

পুলিশ জানায়, থানার উপ-পরিদর্শক মোমিনুর রহমানের নেতৃত্বে সদর থানা পুলিশের একটি টিম ওই এলাকায় নিয়মিত তল্লাসী অভিযান চালিয়ে খান পরিবহনের যাত্রীবাহী বাস থেকে বাসের যাত্রী মাগুরা জেলার মোহাম্মদপুর উপজেলার বলরামপুর গ্রামের আমজাদ হোসেনের ছেলে সুমন মিয়াকে (৩০) তল্লাশি করে বিশেষ কায়দায় রাখা ৭০ বোতল ফেন্সিডিল উদ্ধার করা হয়। এসময় তাকে আটক করা হয়।

ঝিনাইদহ সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শেখ মোহাম্মদ সোহেল রানা বিষয়টি নিশ্চিত করে জানান, আটক সুমন মিয়ার বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে একটি মামলা দায়ের করা হয়েছে

মেহেরপুরে ভোক্তা অধিকারের অভিযান, ডাবসহ ৪ দোকানে জরিমানা আদায়

মেহেরপুরে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের অভিযানে একটি ডাবের দোকানসহ ৪ দোকানে ৬ হাজার টাকা জরিমানা আদায় করেছে।

আজ মঙ্গলবার (২৯ আগস্ট) বেলা দেড়টার দিকে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের মেহেরপুর জেলা কার্যালয়ের সহকারি পরিচালক সজল আহম্মেদ মেহেরপুর পশুহাট ও বড়বাজার এলাকায় এই অভিযান পরিচালনা করেন।

জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের মেহেরপুর জেলা কার্যালয়ের সহকারি পরিচালক সজল আহম্মেদ জানান, বড় বাজার এলাকায় ডাব বিক্রেতা সোহেল আহম্মেদ ডাবের ভাউচার সংরক্ষন না করা ও মুল্য তালিকা প্রদর্শন না করার অপরাধে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ এর ৩৮ ও ৫১ ধারায় ১ হাজার টাকা জরিমানা করা হয়েছে।

এছাড়া পশু হাটপাড়া এলাকায় মেয়াদ উত্তীর্ণ পণ্য রাখা ও মুল্য তালিকা প্রদর্শন না করার অপরাধে মেসার্স রানা স্টোরকে ২ হাজার, একই অপরাধে ও একই আইনে মেসার্স আসিফ স্টোরকে ২ হাজার ও মুল্য তালিকা প্রদর্শনা না করার অপরাধে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ আইনের ৩৮ ধারায় মেসার্স শুভ স্টোরকে ১ হাজার টাকা জরিমানা আদায় করা হয়েছে।
এসময় বড় বাজার, হোটেল বাজার এলাকায় বিভিন্ন দোকানে শতর্ক করা হয়েছে।

এসময় জেলা মার্কেটিং অফিসার আব্দুর রাজ্জাক ও সদর উপজেলা স্যানেটারি অফিসার তারিকুল ইসলাম উপস্থিত ছিলেন।

মেহেরপুরে পুলিশের অভিযানে গ্রেফতার ১০ আসামি

মেহেরপুরে পুলিশের ১২ ঘন্টার নিয়মিত অভিযানে বিভিন্ন মামলার ১০ জন আসামি গ্রেফতার করা হয়েছে।

এদের মধ্যে সদর থানা পুলিশের অভিযানে নিয়মিত মামলা ও আদালতের পরোয়ানাভূক্ত ৭ আসামি, গাংনী থানা পুলিশের অভিযানে আদালতের পরোয়ানাভূক্ত ১ ও মুজিবনগর থানা পুলিশের অভিযানে আদালতের পরোয়ানাভূক্ত ২ আসামি রয়েছে।

সোমবার (২৮ আগস্ট) দিবাগত রাতে অভিযান চালিয়ে আজ মঙ্গলবার ভোররাত পর্যন্ত জেলার বিভিন্ন স্থানে পুলিশের পৃথক অভিযানে এসব আসামি গ্রেফতার হয়েছে। সংশ্লিষ্ট থানাগুলো এই তথ্য নিশ্চিত করেছেন।

সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম, গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক ও মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী রাসেলের নেতৃত্বে পুলিশের একাধিক টিম অভিযান চালান।

আজ মঙ্গলবার (২৯ আগস্ট) বেলা ১১ টার দিকে গ্রেফতারকৃতদের আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

দর্শনায় এক সপ্তাহের মধ্যে দুইটি সরকারি প্রতিষ্ঠানের

দুঃসাহসিক চুরি

দর্শনা পৌরসভার চুরির রেশ কাটতে না কাটতে দর্শনা সরকারি কলেজে দুঃসাহসিক চুরির ঘটনা ঘটেছে। দুদফায় সঙ্গবদ্ধ চোরেরা ১৬ টি সিলিং ফ্যান ও ৬/৭ কোয়েল মোটা বিদ্যুতের তামার তার চুরি করে নিয়ে গেছে।

শনিবার ও গত রবিবার এই চুরির ঘটনা ঘটে। এ ঘটনায় রবিবার দর্শনা সরকারি কলেজের প্রিন্সিপাল প্রফেসর মোঃ রেজাউল করিম বাদী হয়ে দর্শনা থানায় একটি সাধারণ ডায়েরি করেছেন। খবর পেয়ে দর্শনা থানা পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করেছে। তবে ঘটনায় এখনো পর্যন্ত কাউকে আটক করতে পারেনি পুলিশ।

সাধারণ ডায়েরি সূত্রে জানা গেছে,গত রোববার রাতে চোরেরা কলা ভবন থেকে নতুন ভবন পর্যন্ত প্রায় ৬/৭ কয়েল বিদ্যুতের বড় তার চুরি করে নিয়ে যায়। গত শনিবার রাতে আবারো দ্বিতীয় দফা সঙ্গবদ্ধ চোরেরা কলেজের নতুন ভবনের পিছন দিক থেকে প্রাচীর টপকে ভিতরে প্রবেশ করে। প্রথম তলার পিছন দিক থেকে সানসেট বেয়ে ২য় তলায় ভবনে প্রবেশ করে রুমের তালা ভাঙ্গে। এরপর একে একে তৃতীয় তলা চতুর্থ তলা ও পঞ্চম তলা রুমে তালা ভেঙ্গে রুমের ভিতরের ১৬ টি সিলিং ফ্যান চুরি করে নেয়। এছাড়া বেসিংয়ের ট্যাপ সহ বিভিন্ন জিনিসপত্র নেয়। চুরি শেষে আবার ভবনের পিছন দিক থেকে নির্বিয়ের চলে যায়। রোববার চুরির হওয়ার ঘটনায় দর্শনা থানায় একটি সাধারণ ডায়েরি করা হয়েছে।

এ বিষয়ে দর্শনা সরকারি কলেজের প্রিন্সিপাল প্রফেসর মোঃ রেজাউল করিম বলেন , দর্শনা সরকারি কলেজে কলা ভবনের শেষে নতুন ৬ তালা ভবন তৈরি হয়েছে। এই ভবনের প্রথম তালার প্রথমে সামনে ও দুই সাইডে গ্রিল দিয়া আছে। কিন্তু দ্বিতীয় তলা থেকে পঞ্চম তলা পর্যন্ত সামনে এবং পিছনে দুই সাইডে কোথাও গ্রিল দেয়া নেই। এই সুযোগ কাজে লাগিয়ে সংঘবদ্ধ ভাবে এগুলো চুরি করেছে। চুরি হওয়ার পর আমি কলেজের নাইটগার্ডের সাথে কথা বলি। তারা বলে বলেছে এখানকার স্থানীয় কিছু বকাটেরা।প্রতিনিয়তই রাতে দিনের কলেজের ভিতরে বিভিন্ন ভাবে প্রবেশ করে ভয়-ভীতি দেখায়। কলেজের ভিতরে মধ্যে দুই দুই বার চুরির ঘটনা আমি উদ্বিগ্ন। দর্শনা থানা একটি সাধারণ ডায়েরি করা হয়েছে। আশা করি পুলিশ এই চোরদের ধরতে সক্ষম হবে। পৌরসভার বিভিন্ন মহল্লায় প্রতিনিয়ত চুরির ঘটনা ঘটলো এ পর্যন্ত চুরির যাওয়া মালামাল উদ্ধার বা কোন চোরকে গ্রেফতার করতে পারে

নাই।

এ বিষয়ে দর্শনা থানার অফিসার ইনচার্জ (ওসি) বিপ্লব কুমার সাহা বলেন, চুরির ঘটনা জানতে পেরে থানা পুলিশের একটি টিম ঘটনাস্থল পরিদর্শন করেছে। এ ঘটনার সাথে জড়িতদের ধরতে পুলিশ অভিযান অব্যাহত রয়েছে।

আলমডাঙ্গায় হত্যা মামলায় চেয়ারম্যান বিপুল জেল হাজতে

আলমডাঙ্গা উপজেলায় নির্বাচনী সহিংসতায় নৌকার সমর্থক নিহত মামলায় নাগদাহ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এজাজ ইমতিয়াজ বিপুলকে জেল হাজতে পাঠানোর নির্দেশ দিয়েছেন আদালত।

আজ সোমবার সন্ধ্যায় তাকে চুয়াডাঙ্গা জেলা কারাগারে পাঠানো হয়েছে। এর আগে দুপুরে চুয়াডাঙ্গা সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট দ্বিতীয় আদালতে জামিন আবেদন করলে বিচারক জোহরা খাতুন তা নামঞ্জুর করে তাকে জেল হাজতে পাঠানোর নির্দেশ দেন। একই সাথে ওই মামলার অন্য ২২ জন আসামীর জামিন মঞ্জুর করেন আদালত। ওই মামলার বাকী আসামীরা জামিনে রয়েছেন।

মামলা সূত্রে জানা গেছে, গত ১৬ মার্চ আলমডাঙ্গা উপজেলার নাগদাহ ইউনিয়ন পরিষদের সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হয়। নির্বাচনকে কেন্দ্র করে গত ১১ মার্চ সহিসংতায় সংঘর্ষে জড়ান আওয়ামী লীগ মনোনীত প্রার্থী (নৌকা) হায়াত আলী ও বিদ্রোহী প্রার্থী (চশমা) এজাজ ইমতিয়াজ বিপুলের কর্মী-সমর্থকেরা। এতে উভয় পক্ষের অন্তত ১৭ জন আহত হন। ঘটনার পরদিন আলমডাঙ্গা থানায় দবির আলীর ছেলে মোস্তাফিজুর রহমান বাদী হয়ে ‘বিদ্রোহী’ প্রার্থী এজাজ ইমতিয়াজকে হুকুমের আসামি করে ২৫ জনের নামে মামলা করেন।

গত ২৪ মার্চ সকালে নির্বাচনী সহিংসতায় আহত আওয়ামী লীগ কর্মী দবির আলী (৫৫) রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা যান। এরপর আগের হত্যাচেষ্টার মামলাটি হত্যা মামলায় পরিণত

হয়। প্রতিপক্ষের দায়ের করা মামলায় ২১ মার্চ আলমডাঙ্গার আমলি আদালতে এজাজ ইমতিয়াজসহ তার পক্ষের ১৭ জন উপস্থিত হয়ে জামিন প্রার্থনা করলে বিচারক তাদের জামিন মঞ্জুর করেন। তারপর থেকে শর্তসাপেক্ষে জামিনে ছিলেন নাগদাহ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এজাজ ইমতিয়াজ বিপুল। আজ সোমবার আদালতে হাজিরা দিতে গেলে মামলার হুকুমের আসামী এজাজ ইমতিয়াজ বিপুলকে কারাগারে পাঠানোর নির্দেশ দেয়া হয়।

উল্লেখ্য, ১৬ মার্চ আলমডাঙ্গা উপজেলার নাগদাহ ইউনিয়ন পরিষদের সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হয়। এতে আওয়ামী লীগ মনোনীত নৌকা প্রতীকের প্রার্থী হায়াত আলীকে হারিয়ে চেয়ারম্যান নির্বাচিত হন ‘বিদ্রোহী’ প্রার্থী এজাজ ইমতিয়াজ ওরফে বিপুল। নির্বাচনে চেয়ারম্যান পদে প্রার্থী ছিলেন নয়জন। তবে নির্বাচনী প্রচারণার প্রথম থেকেই মূল প্রতিদ্বন্দ্বী ছিলেন আওয়ামী লীগ মনোনীত প্রার্থী ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক হায়াত আলী (নৌকা) ও একই কমিটির নির্বাহী সদস্য এজাজ ইমতিয়াজ (চশমা)।

ঝিনাইদহে স্ত্রী হত্যা মামলায় স্বামীর যাবজ্জীবন

ঝিনাইদহের মহেশপুরে স্ত্রীকে কুপিয়ে হত্যা মামলায় স্বামীর যাবজ্জীবন কারাদন্ড দিয়েছে আদালত।

আজ সোমবার (২৮ আগস্ট) দুপুরে অতিরিক্ত দায়রা জজ ২য় আদালতের বিচারক মোঃ আব্দুল মতিন এ দন্ডাদেশ প্রদাণ করেন। দন্ডিত মুনছুর আলী মহেশপুর উপজেলার কাজীর বেড় গ্রামের নেপাল মন্ডলের ছেলে।

মামলার বিবরণে জানা যায়, ২০০৬ সালের ২৭ সেপ্টেম্বর গরু ক্রয়ের জন্য মনছুর আলীর স্ত্রী মরিয়ম বেগম একটি এনজিও থেকে ঋনের টাকা উত্তোলন করে। সেই টাকা তার স্বামী চাইলে সে দিতে অস্বীকার করে। বাক-বিতন্ডার এক পর্যায়ে মনছুর আলী ধারালো অস্ত্র দিয়ে স্ত্রী কে কুপিয়ে হত্যা করে পালিয়ে যায়। পরদিন নিহতের ছেলে সোহাগ আলী মহেশপুর থানায় বাদী হয়ে পিতার বিরুদ্ধে হত্যা মামলা দায়ের করে।

পুলিশ তদন্ত শেষে ওই বছরের ৯ নভেম্বর আদালতে চার্জশীট দাখিল করেন। দীর্ঘ বিচারিক প্রক্রিয়া শেষে আদালত মনছুর আলীকে যাবজ্জীবন কারাদন্ড ও ২০ হাজার টাকা জরিমানা করেন। জরিমানা অনাদায়ে আরও ৩ মাসের কারাদন্ড প্রদান করা হয়। দন্ডপ্রাপ্ত আসামী পলাতক রয়েছে।

মুজিবনগরে নাশকতা মামলার আসামি জামায়াত নেতা গ্রেফতার

মেহেরপুরের মুজিবনগর থানা পুলিশের অভিযানে নাশকতার অভিযোগে পুলিশের দায়ের করা মামলার এজাহারনামীয় আসামি সাইয়েদুল ইসলাম (৫৫) কে গ্রেফতার হয়েছে।

গ্রেফতারকৃত সাইয়েদুল ইসলাম মুজিবনগর উপজেলার মহাজনপুর গ্রামের সুরত আলীর ছেলে।

গতকাল রবিবার দিবাগত রাতে মুজিবনগর থানা পুলিশ তার বাড়িতে অভিযান চালিয়ে সাইয়েদুল ইসলামকে গ্রেফতার করেন। তার নামে মুজিবনগর থানা পুলিশের দায়ের করা বিশেষ ক্ষমতা আইনে দায়ের করা নাশকতার মামলা নং ১১, তারিখ ২৪/০১/২৩ ইং।

মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী রাসেল এই তথ্য নিশ্চিত করেছেন। তিনি বলেছেন, গোপন সংবাদে অভিযান চালিয়ে নাশকতার অভিযোগে জামায়াতের এই নেতাকে গ্রেফতার করা হয়।

গ্রেফতারকৃত জামায়াত নেতা সাইয়েদুল ইসলামকে আজ সোমবার (২৮ আগস্ট) দুপুরের দিকে আদালতে সোপর্দ করা হয়েছে।

আলমডাঙ্গায় থানা পুলিশের আয়োজনে শোক দিবসের আলোচনা সভা

আলমডাঙ্গা থানা পুলিশের উদ্যোগে জাতীয় শোকের মাস উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল রবিবার বিকেল ৪টায় উপজেলা মঞ্চে এ সভা অনুষ্ঠিত হয়।

চুয়াডাঙ্গা জেলা পুলিশ সুপার আব্দুল্লাহ আল মামুনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন চুয়াডাঙ্গা- আলমডাঙ্গা ১ আসনের সাংসদ বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়াদ্দার ছেলুন এমপি।

প্রধান অতিথির বক্তব্যে এমপি ছেলুন বলেন, পরাজিত শক্তির বিপক্ষে ১৯৭১ সালে আমরা যুদ্ধ করেছিলাম। যুদ্ধে লাখো মা-বোনকে নির্যাতন করে হত্যা করেছে, ঘর বাড়িতে আগুন জ্বালিয়েছে, যুব সমাজকে ধ্বংস করেছে এবং গুলি করে হত্যা করেছে। যুদ্ধের ৫২ বছর পার হয়ে ৫৩ বছর হতে চলেছে। আমরা যাদের বিরুদ্ধে যুদ্ধ করেছিলাম তারা কিন্তু এখন ভুলে নাই। তারা এখনো প্রতিশোধ নেবার জন্য ষড়যন্ত্র করে যাচ্ছে। ষড়যন্ত্র থেমে নেই। আগে যেমন দেশী বিদেশী আমেরিকা, পাকিস্তান, আলবদর, আলশাম ঐক্যবদ্ধ হয়ে বঙ্গবন্ধুকে হত্যার ষড়যন্ত্র করেছিলো। তারা ভেবেছিলো বঙ্গবন্ধুকে হত্যা করলে স্বাধীনতা বিচলিত হবে, কেউ স্বাধীনতার পক্ষে কথা বলবে না। কেউ আওয়ামীলীগ সংগঠনের কথা শুনবে না। তারা কখনো ভাবেনি এক বঙ্গবন্ধুকে হত্যা করে এখন হাজারো বঙ্গবন্ধু হাজারো ঘরে ঘরে আছে।

তিনি আরো বলেন, যারা সত্যি বঙ্গবন্ধুর সৈনিক সকলে ঐক্যবদ্ধ ভাবে সকল ষড়যন্ত্রের মোকাবেলা করতে হবে। আমরা যেমন বঙ্গবন্ধুকে হারিয়েছি, তবে তারই কণ্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনা এই দেশকে যখন বিশ্বের কাছে মাথা উঁচু করে দাঁড়াচ্ছে এটা দেখে পরাজিত শত্রুরা আবারো মাথাচাড়া দিচ্ছে। এই দেশ যারা চাইনি, এদেশে কিছু হোক তারা এখনো চাইনা।

আলোচনা সভা অনুষ্ঠানে পৌর আওয়ামীলীগের সাধারণ সম্পাদক মতিয়ার রহমান ফারুকের সঞ্চালনায় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন জেলা পুলিশের অতিরিক্ত পুলিশ সুপার ও সদর সার্কেল আনিসুজ্জামান লালন,

জেলা আওয়ামীলীগের সাবেক সাংগঠনিক সম্পাদক মুন্সী আলমঙ্গীর হান্নান, মাসুদুজ্জামান লিটু বিশ্বাস, সাবেক বন ও পরিবেশ বিষয়ক সম্পাদক শহিদুল ইসলাম খান, আলমডাঙ্গা উপজেলা আআওয়ামীলীগের সভাপতি আবু মুছা, সাধারণ সম্পাদক ইয়াকুব আলি, সাবেক সহ-সভাপতি লিয়াকত আলি লিপু মোল্লা, আমিরুল ইসলাম মন্টু, পৌর আওয়ামীলীগের সভাপতি দেলোয়ার হোসেন, যুগ্মসাধারণ সম্পাদক সাইফুর রহমান পিন্টু, আলমডাঙ্গা উপজেলা পরিষদের ভাইস-চেয়ারম্যার ও ছাত্রলীগের সাবেক সভাপতি সালমুন আহম্মেদ ডন, মহিলা ভাইস-চেয়ারম্যার কাজি মারজাহান নিতু, কুমারী ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি আবু সাইদ পিন্টু, ডাউকি ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক তরিকুল ইসলাম, বেলগাছি ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক মাহমুদ হাসান চঞ্চল, জেহালা ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি হাসানুজ্জামান হান্নান, বাড়াদি ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক লাল্টু।

এছাড়াও উপজেলা ও পৌরসহ বিভিন্ন ইউনিয়ন আওয়ামীলীগের অঙ্গসংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরের গাংনীতে ডিবি পুলিশের অভিযানে পরিত্যক্ত মাদক জব্দ

মেহেরপুরের গাংনীতে পরিত্যক্ত অবস্থায় ৪ কেজি গাঁজা ও ২০ বোতল ফেনসিডিল উদ্ধার করেছে ডিবি পুলিশ।

আজ রবিবার বিকালে মেহেরপুর জেলা গোয়েন্দা শাখার এসআই শাহিনুর রহমানের নেতৃত্বে এএসআই মাসুদ রানা ও কনস্টেবল আশরাফুল ইসলাম এবং মামুন মিয়ার সমন্বিত একটি দল গাংনী থানা এলাকায় অবৈধ মাদকদ্রব্য উদ্ধারের বিশেষ অভিযানে গাংনী উপজেলার চেংগাড়ায় মৃত তাহাজ উদ্দিনের ছেলে আলালের আম বাগানের সামনে একটি সাদা রংয়ের প্লাষ্টিকের বস্তার মধ্যে বাদামী রংয়ের কসটেপ দ্বারা মোড়ানো ২ পোটলায় মোট ৪ কেজি গাঁজা এবং ২০ বোতল ফেনসিডিল পরিত্যক্ত অবস্থায় উদ্ধার করে।

মেহেরপুর জেলা গোয়েন্দা পুলিশের অফিসার ইনচার্জ সাইফুল আলম ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন, ‘মালিক বিহীন পরিত্যক্ত অবস্থায় মাদকগুলি জব্দ করা হয়েছে। উদ্ধারকৃত গাঁজার আনুমানিক বাজার মূল্য এক লক্ষ বিশ হাজার টাকা এবং ২০ বোতল ফেনসিডিলের আনুমানিক বাজার মূল্য ৪০ হাজার টাকা। জেলা গোয়েন্দা পুলিশের পক্ষ থেকে এ সংক্রান্ত বিষয়ে গাংনী থানায় একটি মাদক মামলা দায়ের করা হয়েছে।’